# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 28-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার রাজ্যের রেলপথ উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। আজ থেকে চালু হলো পুরুলিয়া থেকে মশাগ্রাম হয়ে হাওড়া পর্যন্ত মেমুট্রেন পরিষেবা ।

২) সাউথ ক্যালকাটা ল-কলেজে গণ ধর্ষণকান্ডে তদন্তে পাঁচ সদস্যের সিট গঠন কলকাতা পুলিশের। শিক্ষামন্ত্রী জানিয়েছেন, ল-কলেজের ঘটনায় তিনি হতবাক্।

গণ ধর্ষণের প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ – অবরোধে সামিল বিরোধী দলের কর্মী সমর্থকেরা।

৩) নদীয়ার কালিগঞ্জের মোলান্দি গ্রামে বোমার আঘাতে ১০ বছরের তামান্না খাতুনের মৃত্যুর ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত গাওয়াল শেখকে গ্রেপ্তার করেছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) ভুটান সরকার ৭২ ঘণ্টার বৃষ্টিপাতের পূর্বাভাষ ও আবহাওয়ার তাৎক্ষণিক তথ্য রাজ্যকে পাঠানো শুরু করেছে।

৬) দক্ষিণ-পশ্চিম বাংলাদেশ এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, ২০০৯ থেকে ২০১৪ পর্যন্ত পশ্চিমবঙ্গে রেলপথের উন্নয়নের জন্য প্রায় ৪ হাজার ৩৮০ কোটি টাকা বরাদ্দ হলেও বর্তমান সরকারের আমলে তা বেড়ে প্রায় ১৪ হাজার কোটি টাকা হয়েছে। আজ হাওড়ার সাঁতরাগাছি স্টেশনে, দক্ষিণ পূর্ব রেলের এক অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী বৈষ্ণো বলেন, ২০১৪ থেকে ২০২৫ এর মধ্যে কলকাতা মেট্রোর নেটওয়ার্ক ৪১ কিলোমিটার বৃদ্ধি পেয়েছে। রাজ্যে রেলের উন্নয়নে তৃণমূল কংগ্রেস সরকারকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আর্জি জানান তিনি।

(বাইট – বৈষ্ণ)

রেল মন্ত্রী বলেন, জমি জটের কারণে রাজ্যে বেশ কিছু রেল প্রকল্প আটকে রয়েছে। বিষ্ণুপুর-তারকেশ্বর, হিলি-বালুরঘাট এবং নন্দীগ্রাম এর মতো গুরুত্বপূর্ণ রেল প্রকল্প ছাড়াও কলকাতার চিংড়িঘাটা, বেলেঘাটাতে ট্র্যাফিক এর অনুমতি না মেলায় কাজ এগোচ্ছে না। এদিন অনুষ্ঠান মঞ্চ থেকে শ্রী বৈষ্ণো পুরুলিয়া- বাঁকুড়া- হাওড়া ভায়া মশাগ্রাম রুটে MEMU ট্রেন পরিষেবার সূচনা করেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিষ্ণুপুরের সাংসদ সৌমিত্র খান ও হাওড়ার সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায় ছাড়াও রেলের পদস্থ আধিকারিকরা।

পুরুলিয়া স্টেশনে এই উপলক্ষে উপস্থিত ছিলেন সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো, পুরুলিয়ার বিধায়ক সুদীপ মুখোপাধ্যায়, আদ্রার ডি আর এম সুমিত নারুলা সহ বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ। নতুন এই ট্রেনের সূচনার ফলে জঙ্গলমহলের জেলাগুলির মানুষের দীর্ঘদিনের চাহিদা পুরণ হলো বলে বিষ্ণুপুরের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ জানিয়েছেন।

এদিকে, দক্ষিণ – পূর্ব রেলের লোকাল ট্রেন পরিষেবা সময় মাফিক চলা সহ একাধিক দাবিতে এসইউসিআই কমিউনিস্ট আজ সাঁতরাগাছিতে রেলমন্ত্রীর কাছে স্মারকলিপি জমা দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় রেল নিউ জলপাইগুড়ি থেকে কলকাতা পর্যন্ত রেল পথকে বিশ্বমানের করে তোলার উদ্যোগ নিয়েছে। কলকাতার ন্যাশনাল লাইব্রেরীর ভাষা ভবনে লঘু উদ্যোগ ভারতীর একটি অনুষ্ঠানে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানান, এই প্রকল্পের কাজের জন্য ইতমধ্যেই মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে। চিকেনস্ নেক এলাকায় ডাবল লাইনকে চার লাইনে পরিণত করা হবে বলেও তিনি জানান। পাশাপাশি এরাজ্যের রেল কারখানাগুলির আধুনিকীকরণেরও কাজ চলছে বলে শ্রী বৈষ্ণ জানিয়েছেন।

(বাইট- অশ্বিনী)

OOOOOOOOOOOOOOOOOO

কসবার সাউথ ক্যালকাটা ল-কলেজে গণ ধর্ষণকান্ডে তদন্তে পাঁচ সদস্যের বিশেষ তদন্ত দল সিট গঠন করেছে কলকাতা পুলিশ। অ্যাসিস্ট্যান্ট কমিশনার (দক্ষিণ শহরতলি) প্রদীপ কুমার ঘোষালের নেতৃত্বে ওই দল কসবা কান্ডের তদন্ত করবে। প্রয়োজন মতো মেডিকো লিগাল পরীক্ষা করারও সিদ্ধান্ত নেওয়া হতে পারে। আজ আলিপুর আদালতে নির্যাতিতার জবানবন্দি নেওয়া হয়।

এদিকে, কসবা কান্ডে ধৃত গার্ড পিনাকী বন্দ্যোপাধ্যায়কে পয়লা জুলাই পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠিয়েছেন বিচারক। গার্ডের সঙ্গে যোগ সাজস করে নির্যাতিতার ওপর

অভিযুক্তরা অত্যাচার চালায় বলে পুলিশ জানিয়েছে। ঘটনার দিনের সিসিটিভির ফুটেজও খতিয়ে দেখছে পুলিশ।

OOOOOOOOOOOOOOOOOOOOO

দক্ষিণ কলকাতা ল কলেজে গণধর্ষণের ঘটনায় নির্যাতিতার স্বাস্থ্য সংক্রান্ত রিপোর্ট তিনদিনের মধ্যে জমা দিতে হবে বলে জানিয়ে জাতীয় মহিলা কমিশন রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থ কে লেখা কমিশনের চেয়ারপারসন বিজয়া রাহাতকারের চিঠিতে কমিশনের সদস্য ডক্টর অর্চনা মজুমদার যখন ক্ষতিগ্রস্ত পরিবারের সঙ্গে দেখা করতে যাবেন তার সঙ্গে পুলিশকে সব ধরনের সহযোগিতা করার কথা বলা হয়েছে।

OOOOOOOOOOOOOOOOOOOOOO

এদিকে,সাউথ ক্যালকাটা ল কলেজে আইনের ছাত্রীকে গনধর্ষণের প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ অবরোধে সামিল হয়েছেন বিরোধী দলগুলির কর্মী-সমর্থকরা। ঘটনার প্রতিবাদে বিজেপি আজ কলকাতার গড়িয়াহাট মোড়ে বিক্ষোভ দেখাতে গেলে পুলিশ রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সহ অন্যান্য নেতৃত্বকে গ্রেপ্তার করে। সুকান্তবাবু বলেন, পুলিশের এই আচরণ গণতন্ত্র হত্যাকারী। রাজ্যের পরিস্থিতি অত্যন্ত ভয়ঙ্কর। সমগ্র ঘটনা প্রকাশ্যে আসুক পুলিশ তা চায়না।

(বাইট – সুকান্ত)

এদিন বিজেপি কর্মী সমর্থকদের সঙ্গে গড়িয়াহাট মোড়ের কাছে পুলিশের ব্যাপক ধস্তাধস্তি হয়।

কোচবিহার শহরে আজ পথ অবরোধ করে বিক্ষোভ দেখায় বিজেপি। পুরুলিয়া শহরেও পথ অবরোধ করে চলে বিক্ষোভ।

মালদার রথবাড়ি এলাকায় বিজেপি-র কর্মী সমর্থকদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি বাধে।

এই ঘটনায় বিজেপি চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে। দলের সর্ব ভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডার নির্দেশে গঠিত এই কমিটির সদস্যরা হলেন, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সৎপাল সিং, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী মিনাক্ষী লেখী, লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব এবং রাজ্যসভার সাংসদ মনন কুমার মিশ্রা। শীঘ্রই ঘটনাস্থল পরিদর্শন করে জেপি নাড্ডার কাছে রিপোর্ট জমা দেবে এই কমিটি।

প্রদেশ কংগ্রেস আজ কসবা থানার সামনে বিক্ষোভ দেখায় । বেশ কয়েকজন নেতা কর্মীকে অন্যায়ভাবে আটক করা হয়েছে বলে প্রদেশ যুব কংগ্রেসের তরফে অভিযোগ করা হয়েছে। দলের নেতা আশুতোষ চট্টোপাধ্যায় বলেন, রাজ্যে গণতন্ত্র বলে কিছু নেই। কলেজগুলিতে দীর্ঘদিন ছাত্র সংসদের নির্বাচন বন্ধ করে রাখা হয়েছে। উত্তর কলকাতা জেলা কংগ্রেসের পক্ষ থেকে আজ DC নর্থ এর কার্যালয়ের সামনে বিক্ষোভ দেখানো হয়। উত্তর ২৪ পরগনার টিটাগড় এলাকাতে BT রোডেও বিক্ষোভ দেখায় কংগ্রেস। মৌলালিতে আজ বিক্ষোভ দেখিয়েছে কংগ্রেস।

বাম-যুব সংগঠন DYFI আজ হাওড়ায় বিভিন্ন থানার সামনে বিক্ষোভ দেখিয়েছে।

এদিকে, কসবার গণ ধর্ষণে রাজ্য সরকার কড়া পদক্ষেপ নিয়েছে বলে তৃণমূল কংগ্রেস জানিয়েছে। আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, রাজ্য সরকার অপরাজিতা বিল বিধানসভায় পাশ করালেও এখনও সেটি আইনে রূপান্তরিত হয়নি। রাজ্যের মুখ্যমন্ত্রী অপরাধীদের আড়াল করতে দেবেন না বলেও তিনি স্পষ্ট জানিয়েছেন।

গণ ধর্ষণের ঘটনায় সাউথ ক্যালকাটা ল কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে রিপোর্ট তলব করেছে শিক্ষা দফতর। পাশাপাশি কলেজের ভাইস প্রিন্সিপালকে, পরিচালন পর্ষদের বৈঠক ডাকতে বলা হয়েছে। আইন কলেজের ঘটনায় তিনি হতবাক এবং মর্মাহত বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। কলেজের নিরাপত্তায় কোথায় গাফিলতি ছিল তা খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন তিনি।

এদিকে, এই ঘটনায় স্বতঃপ্রণোদিত পদক্ষেপের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমকে চিঠি দিয়েছেন কলকাতা হাইকোর্টের এক আইনজীবী। একজন আইনের ছাত্রীকে যেভাবে নির্যাতন করা হয়েছে, তাতে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পূর্ণ ভেঙে পড়েছে বলে চিঠিতে উল্লেখ করেছেন তিনি। দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণের আর্জিও জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

জরুরি অবস্থার সময় দেশের মানুষকে যে পরিস্থিতির মধ্য দিয়ে যেতে হয়েছে, তা এক কালো অধ্যায় ছিল বলে কেন্দ্রীয় আইন প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল মন্তব্য করেছেন। দেশে জরুরি অবস্থা জারির ৫০ বছর পুর্তিতে আজ কলকাতায় বিজেপি-র

পক্ষ থেকে এক আলোচনাসভার আয়োজন করা হয়। সেখানে শ্রী মেঘওয়াল একথা বলেন।

(বাইট – মেঘওয়াল)

এর আগে কসবা ল কলেজের ঘটনা অত্যন্ত লজ্জাজনক বলে শ্রী মেঘওয়াল জানিয়েছেন। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, আর জি কর-এর পর এই ঘটনা শুধুমাত্র বাংলাকেই নয় সারা দেশকে কলঙ্কিত করেছে। মুখ্যমন্ত্রীর তোষণের রাজনীতির ফলে অপরাধীরা কোন শাস্তি পায় না বলে তাঁর অভিযোগ।

oooooooooooooooooooooo

নদীয়ার কালিগঞ্জের মোলান্দি গ্রামে বোমার আঘাতে ১০ বছরের তামান্না খাতুনের মৃত্যুর ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত গাওয়াল শেখকে গ্রেপ্তার করেছে। সেই সঙ্গে গ্রেপ্তার করা হয়েছে তার ছেলে বিমল শেখকেও। পূর্ব বর্ধমানের কাটোয়া থেকে দুজনকে পুলিশ গতকাল পাকড়াও করে। এই নিয়ে ওই ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হল-৯ ।

এর আগে গতকাল ওই ঘটনায় নবাব শেখ নামে আরো একজনকে পুলিশ গ্রেপ্তার করে। গাওয়াল শেখ, নবাব শেখ সহ চারজনকে আজ আদালতে তোলা হলে ৬ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ তামান্নার পরিবারের লোকদের সঙ্গে সাক্ষাৎ করেন। অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তিরও দাবি জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

oooooooooooooooooooooo

দীর্ঘ দিনের দাবি মতো ভুটান সরকার রাজ্য সরকারকে ৭২ ঘণ্টার বৃষ্টিপাতের পূর্বাভাস ও আবহাওয়ার তাৎক্ষণিক তথ্য পাঠানো শুরু করেছে। ডুয়ার্স অঞ্চলে বর্ষাকালে ঘন ঘন বন্যার মোকাবিলায় এই উদ্যোগ বড় ভূমিকা নেবে বলে রাজ্যের সেচ দফতর মনে করছে। চলতি সপ্তাহের বৃহস্পতিবার থেকে থিম্পুর ন্যাশনাল সেন্টার ফর হাইড্রোলজি অ্যান্ড মেটিওরোলজি দক্ষিণ ও পশ্চিম ভুটানের দাগানা, সিরাং, সারপাং, সামচে ও ফুয়েন্টশোলিং জেলার জন্য নির্দিষ্ট পূর্বাভাষ পাঠানো শুরু করেছে। এই জেলাগুলির আবহাওয়া সরাসরি প্রভাব ফেলে জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের নদীগুলিতে।

এতদিন শুধুমাত্র ভূটানের বৃষ্টির রেকর্ডিংয়ের উপর নির্ভর করেই চলতে হতো সেচ দপ্তরকে—যা আগাম বন্যা নিয়ন্ত্রণ বা বাসিন্দাদের সরিয়ে নেওয়ার জন্য উপযুক্ত ছিল না। নতুন পূর্ণাঙ্গ পূর্বাভাষ চালু হওয়ায় এখন আগাম সতর্কতা জারি ও নিরাপদে বাসিন্দাদের স্থানান্তরের মতো ব্যবস্থা নেওয়া সহজ হবে।

জানা গিয়েছে, ২৭ জুন থেকে ২৯ জুন পর্যন্ত দক্ষিণ ভুটানের বিভিন্ন জেলায় আংশিক মেঘলা আকাশ ও হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনার পূর্বাভাস এসেছে। এই তথ্য পাওয়ার ফলে জামুরচি, বানারহাট, বিণ্ণুগুড়ি, বিড়পাড়া, মাদারিহাট, কালচিনি, জয়গাঁও, হ্যামিলটনগঞ্জের মতো বন্যা প্রবণ অঞ্চলে আগাম সতর্কবার্তা জারি করার প্রস্তুতি নিচ্ছে স্থানীয় প্রশাসন।

oooooooooooooooooo

দক্ষিণ-পশ্চিম বাংলাদেশ এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আগামী ৪৮ ঘণ্টায় তা নিম্নচাপ এলাকায় পরিণত হওয়ার সম্ভবনা। এর

প্রভাবে কিছু জেলায় হাল্কা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। আজ পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, দুই ২৪ পরগনা, হাওড়া ও হুগলী জেলায় হলুদ সতর্কতা রয়েছে। মৎস্যজীবীদের আগামী পয়লা জুলাই পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা টাইগার্স, বেঙ্গল প্রো-টি-টোয়েন্টি লিগে মহিলা বিভাগে চ্যাম্পিয়ান হয়েছে। ইডেনে আজ বৃষ্টি বিঘ্নিত ফাইনালে তারা স্ম্যাশার্স মালদাকে ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে ১৬ রানে হারিয়ে দেয়। কলকাতা প্রথমে ব্যাট করে ১০৪ রান সংগ্রহ করে। জবাবে মালদা পাঁচ ওভার দু-বলে চার উইকেটে ২২ রান তোলার পর বৃষ্টিতে খেলা বন্ধ হয়ে যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০